

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

Website: www.bb.org.bd

বিআরপিডি সার্কুলার লেটার নং- ০৬

৬ আষাঢ় ১৪২৩
তারিখ : -----
২০ জুন ২০১৬

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সব ভফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

ব্যাংক-কোম্পানীসমূহের ব্যবসা কেন্দ্র স্থাপন, স্থানান্তর এবং আড়ম্বরপূর্ণ সাজসজ্জা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-১৮, তারিখ- ২৯ নভেম্বর ২০১২ এবং বিআরপিডি সার্কুলার লেটার নং-০২, তারিখ- ১৬ জানুয়ারী ২০১৪ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ (২০১৩ পর্যন্ত সংশোধিত) এর ৩২ ধারা অনুযায়ী ব্যাংক-কোম্পানীসমূহ ৫(ত) ধারায় সংজ্ঞায়িত ব্যাংক ব্যবসা এবং ৭ ধারায় বর্ণিত অন্যান্য ব্যবসা পরিচালনার্থে [৩২(২) উপধারা ব্যতীত] বাংলাদেশ ব্যাংকের লিখিত পূর্বানুমোদন ব্যতিরেকে বাংলাদেশের কোথাও নতুন ব্যবসা কেন্দ্র চালু বা বিদ্যমান ব্যবসা কেন্দ্র স্থানান্তর করবে না। বিআরপিডি সার্কুলার নং-১৮/২০১২ এর মাধ্যমে ব্যবসা কেন্দ্র স্থাপন, স্থানান্তর, স্থাপনা ভাড়া বা ইজারা গ্রহণ ও নবায়নের জন্য বাংলাদেশ ব্যাংকে আবেদন দাখিলের পদ্ধতি বর্ণনা করা হয়েছে। ব্যাংক-কোম্পানীর ব্যবস্থাপনার উপর আমানতকারী ও মূলধন যোগানদাতাদের আস্থা বজায় রাখার জন্য বিআরপিডি সার্কুলার লেটার নং-০২/২০১৪ এ নতুন শাখা স্থাপনে বা স্থানান্তরে এবং বিভিন্ন খাতে ব্যয় সাশ্রয়ী হওয়ার জন্য নির্দেশনা দেয়া আছে।

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, কোন কোন ব্যাংক নতুন শাখা স্থাপন, স্থানান্তর বা স্থাপনা ভাড়া করে আড়ম্বরপূর্ণ সাজসজ্জায় উচ্চ ব্যয় নির্বাহ করেছে। আবার, কোন কোন ব্যাংক উচ্চ ব্যয় নির্বাহের মাধ্যমে বিশেষ শ্রেণীর গ্রাহকদের উচ্চমানের সেবা প্রদানের মাধ্যমে ব্যাংকিং সেবায় ব্যাপক বৈষম্য তৈরী করেছে। অধিকন্তু, এতে ব্যাংক-কোম্পানীর ব্যয় বৃদ্ধি পাচ্ছে বলে ব্যাংক-কোম্পানীর ব্যবস্থাপনার উপর আমানতকারী ও মূলধন যোগানদাতাদের আস্থা হ্রাস পেতে পারে।

এমতাবস্থায়, ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর সংশ্লিষ্ট ধারা, বিআরপিডি সার্কুলার নং-১৮/২০১২, এবং বিআরপিডি সার্কুলার লেটার নং-০২/২০১৪ এর বিধি-বিধান যথাযথভাবে পরিপালনে সচেষ্ট থাকার জন্য আপনাদেরকে পরামর্শ দেয়া যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

(আবু ফরাহ মোঃ নাছের)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০২৫২